গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-১ অধিশাখা
**www.sid.gov.bd**

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জুলাই, ২০২৩ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, এনডিসি<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| তারিখ ও সময় | : | ২২ আগস্ট, ২০২৩ খ্রি. বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-এ |
| উপস্থিতি | : | সংযোজনী-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (উন্নয়ন), জনাব এস এম শাকিল আখতার জানান, বিগত সভার কার্যবিবরণী ইতোপূর্বে সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোনো প্রকার সংশোধন/পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর তিনি জানান, মাসিক ব্যয় বিবরণী অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের ৮টি প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৮৫১১৫.৪৯ লক্ষ (এক হাজার আটশত একান্ন কোটি পনেরো লক্ষ উনপঞ্চাশ হাজার) টাকা, চলতি অর্থবছরে মোট এডিপি বরাদ্দ ১২৯৭৭.০০ লক্ষ (এক শত উনত্রিশ কোটি সাতাত্তর লক্ষ) টাকা এবং চলতি অর্থবছরের জুলাই, ২০২৩ মাস পর্যন্ত মোট ব্যয় ১১৫.২৩ লক্ষ (এক কোটি পনেরো লক্ষ তেইশ হাজার) টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে জুলাই ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি ০.৮৯%। অন্যদিকে আইএমইডি এর তথ্যানুযায়ী জুলাই, ২০২৩ পর্যন্ত এডিপি বরাদ্দের বিপরীতে জাতীয় গড় অগ্রগতির হার ১.২০% (খসড়া)।

২। সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | **National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রজেক্ট (১ম সংশোধিত):**<br><br>প্রকল্প মেয়াদ: মার্চ ২০১৮-ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১৩৪ কোটি ২ লক্ষ টাকা (জিওবি : ১৪ কোটি ২ লক্ষ টাকা,<br>প্রকল্প সাহায্য (বিশ্বব্যাংক): ১২০ কোটি টাকা)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩৬ কোটি ৯৯ লক্ষ টাকা এর মধ্যে জিওবি ৩ কোটি ৪২ লক্ষ এবং প্রকল্প সাহায্য ৩৩ কোটি ৫৭ লক্ষ টাকা। জিওবি খাতে ছাড়কৃত অর্থের পরিমাণ ৮৫ লক্ষ ৫০ হাজার টাকা। জুলাই ২০২৩ পর্যন্ত কোন ব্যয় হয়নি। এ অর্থবছরের এডিপিতে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ০.০০%।<br><br>সভাপতি আর্থিক অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে উন্নীত না হওয়ার কারণ জানতে চাইলে প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পের অনুকূলে বরাদ্দ বিভাজন গত ২১/০৮/২০২৩ তারিখে অনুমোদন পাওয়ায় ব্যয় আরম্ভ | ক) Website Development এবং ICT Plan সহ সামগ্রিক বিষয় দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।<br>খ) এডিপিতে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br><br>গ) Website Development এবং ICT Plan চূড়ান্তকরণের লক্ষ্যে কনসালটিং ফার্ম কর্তৃক সচিব মহোদয়ের নিকট দ্রুততম সময়ের মধ্যে উপস্থাপনার আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>মহাপরিচালক, বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১) এবং<br>প্রকল্প পরিচালক। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা সম্ভব হয়নি। এখন বরাদ্দ অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন করা হবে। আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত Website Development এবং ICT Plan দ্রুত চূড়ান্তকরণে প্রক্রিয়া চলমান। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর নিকট উপস্থাপন প্রদানের মাধ্যমে Website এবং ICT Plan চূড়ান্ত করা হবে। তিনি আরো জানান, NSDS সংশোধন ও হালনাগাদ একটি চলমান কর্মকান্ড এবং ব্যয় নির্বাহের কাজটি চলমান আছে। এছাড়া ICT Plan ও Website Development দুটি Deliverables কনসালটিং ফার্ম DevStat কর্তৃক বিবিএস এ দাখিল করা হয়েছে। Moisture meter ও weight Machine ক্রয় (OTM GD-009) এর কার্যক্রম চলমান আছে। তিনি আরো বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো’র সদর দপ্তর ও মাঠ পর্যায়ে Twinning Partner (TP) এর মাধ্যমে Report writing Analysis and Communication and Quality Management in official Statistics of BBS ১০ (দশ) দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান কুয়াকাটায় অনুষ্ঠিত হচ্ছে। | ঘ) NSDS পর্যালোচনা নভেম্বর ২০২৩ এর মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>ঙ) NSDS ISP (phase-1) এর সংশোধন প্রস্তাব আগস্ট ২০২৩ এর মধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে দাখিল করতে হবে। | |
| ২. | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প (২য় সংশোধিত)**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ১৫৭৫ কোটি ৬৮ লক্ষ ২ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৬৭ কোটি ৩ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমান ১৬ কোটি ৬৯ লক্ষ ৫০ হাজার টাকা। জুলাই, ২০২৩ মাসে মোট ব্যয় ৭৩ লক্ষ ২৬ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১.১০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, জেলা ভিত্তিক ট্যাবলেট বিতরণের তালিকা প্রস্তুত করে সচিব, | ক) Survey Data Coding & Editing & Processing কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।<br><br>খ) অতি শীঘ্রই বাকী ট্যাবলেট বিতরণ নিশ্চিত করতে হবে।<br><br>গ) প্রকল্পের অনুকূলে পাটের ব্যাগ ক্রয়ের প্রয়োজনীয়তা নেই বলে এ ক্রয় কার্যক্রম নিরাৎসাহিত করা হলো। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক বিবিএস উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে দেখানো হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ইতোমধ্যে ১,৯৭,৪৬৫ টি ট্যাবলেট স্কুল কর্তৃপক্ষের মাধ্যমে দেশের মেধাবী শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়েছে। অবশিষ্টগুলো খুব শীঘ্রই বিতরণ করা হবে। Survey Data Coding & Editing & Processing এর কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্প পরিচালক আরো বলেন, পাটের ব্যাগ ক্রয় কার্যক্রম চলমান রয়েছে।<br><br>সভাপতি পাটের ব্যাগ ক্রয়ের বিষয়ে আপত্তি জানান। | | |
| ৩. | **পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প:**<br><br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০১৯-জুন ২০২৩ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ৪৪ কোটি ৯৭ লক্ষ ২০ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৯ কোটি ৯৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ৪৮ লক্ষ ৭ হাজার টাকা। জুলাই, ২০২৩ মাসে মোট ব্যয় ১১ লক্ষ ৪ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১.১১%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান মিউনিসিপ্যাল ওয়াস্ট ম্যানেজমেন্ট সার্ভে ২০২২ এর চূড়ান্ত প্রতিবেদন ইতোমধ্যে ইংরেজি হতে বাংলায় অনুবাদপূর্বক ইসিডিএস টিম কর্তৃক চূড়ান্ত করা হয়েছে। বিবিএস এর এডিটরস ফোরামে শীঘ্রই উপস্থাপন করা হবে। এছাড়া বেজলাইন অফ দ্যা ন্যাচারাল অ্যাকাউন্টস এর মেথডোলজিসহ Supply and Use Table চূড়ান্ত করা হয়েছে। আগামী সেপ্টেম্বর ২০২৩ মাসের মধ্যে প্রারম্ভিক স্টেকহোল্ডারদের নিয়ে কর্মশালা আয়োজন করা হবে। | ক) প্রকল্পের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>খ) ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে বরাদ্দ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>গ) বেজলাইন অফ দ্যা ন্যাচারাল অ্যাকাউন্টস এর উপর কর্মশালা সেপ্টেম্বর ২০২৩ এ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | **হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১) প্রকল্প (১ম সংশোধিত):**<br><br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২০-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ১২ লক্ষ ৮০ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব মহিউদ্দিন আহ্মেদ, এমপিএইচ উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩ কোটি ৮৭ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৮২ লক্ষ ৩৩ হাজার টাকা। জুলাই ২০২৩ পর্যন্ত মোট ব্যয় ২০ লক্ষ ৮৭ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৫.৩৯%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করা হবে বলে সভাকে অবহিত করেন। তিনি আরো জানান কর্মপরিকল্পনা মোতাবেক HIES ২০২২ জরিপের মূল রিপোর্ট ১৫ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে প্রকাশ করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। | ক) কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br><br>খ) ১৫ ডিসেম্বর/২০২৩ এর মধ্যে মূল রিপোর্ট প্রকাশ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক |
| ৫. | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প:**<br><br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২০-জুন ২০২৫ পর্যন্ত<br><br>প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক:<br>মিজ্ আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৫ কোটি ৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ২৬ লক্ষ ৮৬ হাজার টাকা। জুলাই, ২০২৩ সময়ে কোন ব্যয় হয়নি। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ০.০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। জুলাই/২০২৩ মাসে কোন ক্রয় প্রস্তাব না থাকায় ব্যয় করা সম্ভব হয়নি। তিনি আরো জানান ২০২৩ সালের ২য় ত্রৈমাসিকের তথ্য সংগ্রহ কার্যক্রম শেষ হয়েছে এবং ৩য় ত্রৈমাসিকের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে। এ লক্ষ্যে পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং টাঙ্গাইল. দিনাজপুর ও নীলফামারীতে ভ্রমণ করেন বলে সভাকে অবহিত করেন। প্রকল্প টিমের পক্ষ থেকে প্রকল্প পরিচালক এবং উপ-প্রকল্প | ক) কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br><br>খ) মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকি আরো জোরদার করতে হবে।<br><br>গ) শ্রমশক্তি জরিপে নিয়োজিত ইনুমারেটরগণের তালিকা পরবর্তী সভায় উপস্থাপনের নিমিত্ত সংগ্রহ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) SID এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিচালক বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি. গোপালগঞ্জ, কুমিল্লা, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, বগুড়া, ঢাকার বাইপাইল, কুড়িগ্রাম, লালমনিরহাট, পাবনা, নওগাঁ ও রাজশাহী জেলায় ভ্রমণ করে গণনাকারীদের সার্বিক দিক নির্দেশনা প্রদান করেন। এছাড়াও সুপারভাইজিং কর্মকর্তা হিসেবে প্রতিটি বিভাগ ও জেলার কর্মকর্তাগণ, বিবিএস সদর দপ্তরের কর্মকর্তাগণ নিয়মিত ভ্রমণের মাধ্যমে মাঠ পর্যায়ের মনিটরিং করে চলেছেন। খুব শীঘ্রই মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং গণনাকারীদের নিয়ে একটি রিফ্রেশার প্রশিক্ষণের আয়োজন করা হবে।<br><br>সভাপতি মহোদয় মাঠ পর্যায়ের মনিটরিং ব্যবস্থা এবং ইনুমারেটর এর কার্যক্রম তদারকির বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন। | | |
| ৬. | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২:**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২২-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব আব্দুল হালিম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১ কোটি ৬৬ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। জুলাই ২০২৩ এ কোন অর্থ ছাড় হয়নি। এডিপিতে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ০.০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, সার্ভে ডাটা ক্লিনিং ও প্রসেসিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া FBS/SUA বিষয়ক ১ম পর্যায়ের প্রশিক্ষণ ৩১ জুলাই-০৩ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ২য় পর্যায়ের চার দিনব্যাপী প্রশিক্ষণ ২১-২৪ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | ক) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটি সমাপ্ত করার লক্ষ্যে উদ্যোগ নিতে হবে।<br><br>খ) আর্থিক অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক |
| ৭. | **স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প:**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২১-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত | প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৫ কোটি ১৯ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ২৯ লক্ষ ৬৫ হাজার টাকা। জুলাই, ২০২৩ মাস পর্যন্ত মোট | ক) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুসরণ করে প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি ত্বরান্বিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রাক্কলিত ব্যয়: ৪৯ কোটি ৫৭ লক্ষ টাকা (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব মো. আলমগীর হোসেন, উপপরিচালক, বিবিএস। | ব্যয় ১০ লক্ষ ৬ হাজার টাকা। এডিপিতে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১.৯৪%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুসরণ করে প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি চলমান রয়েছে। এছাড়া প্রকল্পটির মেয়াদ জুন ২০২৪ পর্যন্ত বৃদ্ধির জন্য ডিপিপি সংশোধন প্রক্রিয়া চলমান রয়েছে। তিনি আরো জানান, জুন ২০২৩ মাসে সংঘটিত জনঘটনাসমূহ জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহির্গমন ও গর্ভাবস্থা রেজিস্ট্রার তফসিলে মাসিক তথ্য সংগ্রহ কার্যক্রম জুন ২০২৩ এ শেষ হয়েছে।<br><br>সভাপতি সভায় মাঠ পর্যায়ে যেসকল ইনুমারেটর নিয়োজিত আছেন তাদের মধ্যে কেউ কি বিবিএস এ কর্মরত কর্মকর্তাদের আত্মীয় স্বজন তাদের তালিকা জানতে জান। জবাবে প্রকল্প পরিচালক বলেন আগামী এডিপি পর্যালোচনা সভায় মাঠ থেকে তালিকা সংগ্রহ করে তা উপস্থাপন করা হবে। | খ) মাঠ পর্যায়ে কর্মরত ইনুমারেটরগণের তালিকা সংগ্রহ করতে হবে। যা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | উপসচিব (উন্নয়ন-২)<br>এবং<br>প্রকল্প পরিচালক |
| ৮. | Intergating Geospatial Information with Gender & Vital Statistics in BBS শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প<br><br>প্রকল্প মেয়াদ: এপ্রিল ২০২৩-ডিসেম্বর ২০২৬ পর্যন্ত<br><br>প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ১৮ লক্ষ ৫ হাজার টাকা (জিওবি: ১ কোটি ২৭ লক্ষ ৯ হাজার টাকা<br><br>প্রকল্প সাহায্য (UNFPA): ১০ কোটি ৯০ লক্ষ ৯৬ হাজার টাকা)<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২১/০৬/২০২৩ তারিখে অনুমোদিত হয়েছে এবং গত ২৬/০৬/২০২৩ তারিখ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্পটির অনুকূলে অর্থনৈতিক কোড পাওয়া গেছে। | কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম আরম্ভ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-২)<br>এবং<br>প্রকল্প পরিচালক |

০৩। ২০২৩-২০২৪ অর্থ বছরে অননুমোদিত প্রকল্পসমূহঃ

| ক্রঃনঃ | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | National Statistical Data Warehouse and big data Analysis Platform<br>প্রস্তাবিত ব্যয়:<br>৯.৬৪ মিলিয়ন US$ (বৈদেশিক সাহায্য ৯.৪০ মিলিয়ন US$ এবং জিওবি ০.২৪ মিলিয়ন US$)।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা:<br>জনাব মো: রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | উপসচিব, পরিকল্পনা অধিশাখা জানান, প্রকল্পটি ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত আছে। ১৮/০৫/২০২৩ তারিখ সকাল ১২.০০ ঘটিকায় KOICA'র প্রতিনিধি দলের সাথে র‍্যাপআপ মিটিং অনুষ্ঠিত হয়েছে। KOICA, ঢাকা অফিস থেকে Record of Discussion এর কপি পাওয়া গেছে। তাতে গত ২০/০৮/২০২৩ তারিখে অনাপত্তি প্রদান করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে Record of Discussion এর উপর অর্থনৈতিক সম্পর্ক বিভাগে ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে তা স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | KOICA কর্তৃক প্রেরিত Record of Discussion এর ওপর অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক ত্রিপক্ষীয় সভার আয়োজন করে তা স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID। |

৪.০। বিবিধ:

| ক্রঃ নঃ | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **উন্নয়ন প্রকল্পসমূহের ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও সভায় উপস্থাপন** | বিবিএস এর উন্নয়ন প্রকল্পসমূহের ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও উপস্থাপন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>এ প্রসংগে সভাপতি প্রকল্পগুলোর মাসভিত্তিক কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা ও অর্জন সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | সকল প্রকল্প পরিচালক-কে সভা অনুষ্ঠানের নির্ধারিত সময়ের পূর্বেই নিজ নিজ প্রকল্পের মাসভিত্তিক i) কর্মপরিকল্পনা ও অর্জন এবং ii) ২০২৩-২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ও অর্জন সংক্রান্ত তথ্যাদি প্রকল্প পরিচালকের স্বাক্ষরসহ পূর্ণাঙ্গ প্রস্তাব নির্ধারিত সময়ে যথাযথভাবে পূরণ করে উন্নয়ন-১ অধিশাখায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক, বিবিএস উপসচিব (উন্নয়ন-১) ও প্রকল্প পরিচালক (সকল) |
| ২ | **এডিপি/আরএডিপি বাস্তবায়ন** | ২০২২-২৩ অর্থবছরের আরএডিপিতে বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করে লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে তৎপর থাকার নির্দেশনা প্রদান করেন। | এখন থেকে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি হার (আর্থিক ও বাস্তব) ত্বরান্বিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহাপরিচালক, বিবিএস উপসচিব (উন্নয়ন-১/২) ও প্রকল্প পরিচালক (সকল), বিবিএস |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | **নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্তকরণ** | সভাপতি বিবিএস এ বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ অনুমোদিত ডিপিপি/টিএপিপি অনুযায়ী নির্ধারিত মেয়াদে সমাপ্তকরণের উপর গুরুত্বারোপ করে যথাসময়ে প্রকল্প সমাপ্তির নির্দেশনা প্রদান করেন।<br>২০২৩-২০২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত নতুন অননুমোদিত প্রকল্পসমূহ প্রক্রিয়াকরণ ও অনুমোদনের উপর গুরুত্বারোপ করা হয়। | এডিপি/আরএডিপিভুক্ত এ বিভাগের যেসকল প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে সেসকল প্রকল্প নির্ধারিত মেয়াদে সমাপ্ত করতে হবে। ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক, বিবিএস, উপসচিব (পরিকল্পনা অধিশাখা) ও প্রকল্প পরিচালক (সকল) বিবিএস |

০৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.০৮.২৩

(ড. শাহনাজ আরেফিন এনডিসি)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

**২২/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র উন্নয়ন প্রকল্পসমূহের জুলাই/২০২৩ মাসের অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষরঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | ফারুক আহমেদ<br>অতিরিক্ত সচিব (উঃ) | SID | | ২২/৮/২০২৩ |
| ২। | মোঃ মতিয়ার রহমান<br>উপ | BBS | | ২২/৮ |
| ৩। | দেবদুলাল ভট্টাচার্য্য<br>যুগ্মসচিব (বাজেট) | SID | 01717740919 | ২২.০৮.২০২৩ |
| ৪। | পরিমল চন্দ্র বসু<br>উপমহাপরিচালক | BBS | 01715-113952 | |
| ৫। | জিয়াউদ্দীন আহমেদ<br>পরিচালক | BBS | 01552411302 | |
| ৬। | মুহাম্মদ আতিকুল কবীর<br>পরিচালক (ভা.) | BBS | 01716323937<br>aatik_kabir@yahoo.com | |
| ৭। | মোঃ দিলদার হোসেন<br>প্রকল্প পরিচালক | PHC-2021 & NSDS-ISP, BBS | 01715301843<br>dilderbbsbd@gmail.com | 28.08.2023 |
| ৮। | এস এম শাকিল আখতার<br>যুগ্ম-সচিব | SID | ০১৭১২৬৮৪৪-৯৯ | ২২.৮.২০২৩ |
| ৯। | মো. আলমগীর হোসেন<br>প্রকল্প পরিচালক | SVRS প্রকল্প বিবিএস | ০১৭৮৯৯৪৪৯৪৪ | |
| ১০। | মহিউদ্দিন আহমেদ<br>প্রকল্প পরিচালক | HIES 2020-21 প্রকল্প, বিবিএস | 01711952333 | |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১। | মোহাম্মদ শফিকুল ইসলাম, বিডি | ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং, বিবিএস | 01718516177 dali[illegible]@yahoo.com | 22/08/23 |
| ১২। | সৈয়দা মারুফা শালি উপপরিচালক | ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং বিবিএস | 01731047449 syedamaroufashali@gmail.com | 22/8/26 |
| ১৩। | সোনিয়া আরেফিন উপপরিচালক | ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং, বিবিএস | 01913638963 sarefinbbs899@gmail.com | 22/08/26 |
| ১৪। | মো: আবুবকর সিদ্দিক কম্পিউটার প্রোগ্রামার | কম্পিউটার উইং, বিবিএস | 01717441144 ju.mamun@yahoo.com | |
| ১৫। | মুহা: রফিকুল ইসলাম ডিডি | এগ্রিকালচার উইং, বিবিএস | 01730965753 rafiqbbs30@gmail. | |
| ১৬। | নয়ন কান্তি দাস উপপরিচালক | সেনসাস উইং বিবিএস | 01716554635 [illegible]@gmail.com | |
| ১৭। | ফারহানা সুলতানা উপপরিচালক | SID | 01781656775 farhanasultanabbs@gmail.com | 22.08.23 |
| ১৮। | আতিকা রহমান, ডিডি | CFS প্রকল্প, বিবিএস | 01715640690 [illegible]@gmail.com | |
| ১৯। | মো: মিজানুর রহমান উপপরিচালক | বিবিএস | 01911093834 milan[illegible]@gmail.com | |
| ২০। | মো: আব্দুল হালিম উপপরিচালক | বিবিএস | 01712-250549 bbs.halim@gmail.com | |
| ২১। | রাশেদ-ই-মাসতাহাব উপপরিচালক | বি.বি.এস | 01816475048 rashedmastahab@gmail.com | |
| ২২। | মোহাম্মদ রফিকুল ইসলাম সিস্টেম এনালিস্ট | SID | 01709651694 | |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৩। | মোঃ রফিকুল ইসলাম<br>প্রকল্প পরিচালক | ইসিডিএস প্রকল্প<br>বিবিএস | 01712-141750<br>rafiqbbs25@gmail.com | (স্বাক্ষর) |
| ২৪। | মুঃ ওয়াহিদ মুরাদ<br>প্রোগ্রামার | এস.আই.ডি. | ০১৭১৭১১২৪৬১২<br>murad@sid.gov.bd | (স্বাক্ষর) |
| ২৫। | মো: মাহবুবুল আলম সিদ্দিকী, উপসচিব | SID | ০১৭১৮২৭১০৭৮<br>mahbub.25econ@gmail.com | (স্বাক্ষর) |
| ২৬। | মো: [illegible]<br>সচিব মহোদয়ের একান্ত সচিব | SID | 01716488548<br>ps@sid.gov.bd | (স্বাক্ষর) |
| ২৭। | | | | |
| ২৮। | | | | |
| ২৯। | | | | |
| ৩০। | | | | |
| ৩১। | | | | |
| ৩২। | | | | |
| ৩৩। | | | | |
| ৩৪। | | | | |